

মাদ্রাসা শিক্ষা বোর্ডে আগুন : পুড়ে গেছে জরুরি কাগজপত্র

দিল্লির বার্তা পরিবেশক

রাঞ্জধানীর বকশীবাজারে অবস্থিত মাদ্রাসা শিক্ষা বোর্ডে বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। গতকাল সোমবার সকালে এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। অগ্নিকাণ্ডে বোর্ডের জরুরি কাগজপত্র, কম্পিউটার ও আসবাবপত্রসহ ১০ লাখের বেশি টাকার মালামাল পুড়ে গেছে। ফায়ার সার্ভিস কর্মীরা প্রায় ১ ঘণ্টা চেষ্টা চালায় সন্ধ্যা সাড়ে ৯টার দিকে আগুন নিয়ন্ত্রণে আনে।

ফায়ার সার্ভিস সূত্র জানায়, গতকাল সকাল সাড়ে ৮টার দিকে মাদ্রাসা শিক্ষা বোর্ডের দ্বিতীয় তলার সার্ভার রুমের বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুনের

আগুন : পূ: ২ ক: ৩

আগুন : শিক্ষা বোর্ড
(১২ পৃষ্ঠার পর)

সূত্রপাত। দ্বিতীয় তলার বিভিন্ন কক্ষসহ ৩য় তলায় দ্রুত আগুন ছড়িয়ে পড়ে। কালো ধোয়নে আবৃত হয়ে যায় পুরো মাদ্রাসা বোর্ড এলাকা।

এ সময় ৫ তলা ভবনের বিভিন্ন কক্ষে অবস্থানরত কর্মকর্তা-কর্মচারীরা ছোটখাটো শুরু করে। তারা ওই ভবন থেকে সিঁড়ি বেয়ে দ্রুত নিচে নেমে আসেন। সকাল গৌনে ৯টার দিকে ফায়ার সার্ভিস কর্মীরা হবার পেয়ে ঘটনাস্থলে গিয়ে আগুন নেভাতে চেষ্টা করে। প্রায় ১ ঘণ্টা চেষ্টার পর সকাল সাড়ে ৯টার দিকে আগুন নিয়ন্ত্রণে আসে।

অগ্নিকাণ্ডের ঘটনায় মাদ্রাসা শিক্ষা বোর্ডের সার্ভার রুমের ইউপিএস, কম্পিউটার, নেটওয়ার্ক উইং মেশিন, চেয়ার-টেবিল, অন্যান্য আসবাবপত্র ও ওই কক্ষে রাখিত জরুরি কাগজপত্রসহ ১০ লাখের বেশি টাকার মালামাল পুড়ে যায় বলে ফায়ার সার্ভিস সূত্র জানায়। এছাড়াও ফায়ার সার্ভিস কর্মীরা ঘটনাস্থল থেকে ২০ লাখ টাকার মালামাল উদ্ধার করে।